

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ০৩ জুলাই, ২০০৭/১৯ আষাঢ়, ১৪১৪

নং-মপবি/কগবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১১/২০০৭/১২৯ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের গত ৩১ মার্চ ২০০২ তারিখের মপবি/কগবিঃশাঃ/কপগ-৫/২০০২/৬৬ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত 'জাতীয় মহিলা উন্নয়ন পরিষদ'(এনসিডব্লিউডি) বাতিলক্রমে নিম্নরূপ পুনর্গঠন করেছে :

(ক) পরিষদের নাম : 'জাতীয় মহিলা উন্নয়ন পরিষদ'(এনসিডব্লিউডি)

(খ) পরিষদের গঠন :

- | | |
|---|----------|
| (১) উপদেষ্টা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - সভাপতি |
| (২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| (৩) সচিব, স্থানীয় সরকার বিভাগ | - সদস্য |
| (৪) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য |
| (৫) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | - সদস্য |
| (৬) সচিব, শিক্ষা মন্ত্রণালয় | - সদস্য |
| (৭) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | - সদস্য |
| (৮) সচিব, তথ্য মন্ত্রণালয় | - সদস্য |
| (৯) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - সদস্য |
| (১০) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (১১) সচিব, অর্থ বিভাগ | - সদস্য |
| (১২) সদস্য (আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ), পরিকল্পনা কমিশন | - সদস্য |
| (১৩) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - সদস্য |
| (১৪) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (১৫) মহা-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা | - সদস্য |
| (১৬) নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা | - সদস্য |

(গ) কমিটি প্রয়োজনে অন্য যে কোন মন্ত্রণালয়/বিভাগের সচিব/প্রতিনিধিকে কিংবা যে কোন বেসরকারী সংস্থার কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকতে অনুরোধ করতে পারবে।

(ঘ) পরিষদের কার্যপরিধি :

- (১) আর্থ-সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ডে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করার উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার উন্নয়নমূলক কার্যক্রম সংক্রান্ত নীতি প্রণয়ন ও কার্যক্রমের সমন্বয় সাধন;
- (২) মহিলাদের আইনগত অধিকার, মহিলা উন্নয়ন এবং মহিলাদের নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত বিষয়াবলী সম্বন্ধে নীতি প্রণয়ন;
- (৩) সকল কর্মক্ষেত্রে মহিলাদের স্বার্থ সংরক্ষণ, অংশগ্রহণ ও তাদের ভাগ্যোন্নয়ন সম্পর্কে গৃহীত পদক্ষেপ বাস্তবায়নের প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ।

২। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ মতিয়ার রহমান)

যুগ্ম-সচিব(কমিটি ও উন্নয়ন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ জুন, ২০০৭/০৪ আষাঢ়, ১৪১৪

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ -১ /২০০৬/১২৪ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগ হতে গত ২১শে জানুয়ারি ২০০৭ তারিখে মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ -১ /২০০৬/১২৪ প্রজ্ঞাপন মূলে গঠিত পরিশিষ্ট -গ তে উল্লেখিত 'জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি' (একনেক) এর কার্যপরিধি থেকে (৬) নং অনুচ্ছেদ বিয়োজন ও (৬)নং অনুচ্ছেদ সংশোধন করে পরিশিষ্ট -খ তে উল্লেখিত 'জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি' এর কার্যপরিধিতে অনুচ্ছেদ (৪) এর পর (৫)ও (৬) নম্বর অনুচ্ছেদ উল্লেখিতভাবে সংযোজন করেছে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে:

(মোঃ মতিয়ার রহমান)

যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)

নির্বাহী কমিটির সংশোধিত কার্যপরিধিঃ

- (১) সকল বিনিয়োগ প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) বিবেচনা ও অনুমোদন।
- (২) সরকারী খাতে ২৫(পঁচিশ) কোটি টাকার উর্ধ্বে মোট বিনিয়োগ ব্যয় সম্বলিত প্রকল্পে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার সুপারিশক্রমে বিবেচনা ও অনুমোদন।
- (৩) উন্নয়ন প্রকল্প সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
- (৪) বেসরকারী উদ্যোগ, যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহণে বিনিয়োগ কোম্পানী সমূহের প্রস্তাব বিবেচনা।
- (৫) অর্থনৈতিক পরিস্থিতির পরিবীক্ষণ ও দেশের সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড ও সংশ্লিষ্ট নীতি নির্ধারণী বিষয়সমূহ পর্যালোচনা।
- (৬) সরকারী সংস্থা সমূহের উৎপন্ন দ্রব্যের মূল্যে ও জনসেবামূলক সার্ভিস সমূহের রেট, ফিস ইত্যাদি বিবেচনা।
- (৭) বৈদেশিক সাহায্যের বিষয়ে নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা।

